চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ/ ২৯ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ১৫৯-আইন/আয়কর-৩৪/২০২৪। জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৫ এর অধীন ঘোষিত অর্থনৈতিক অঞ্চলে, অতঃপর উক্ত অর্থনৈতিক অঞ্চল বলিয়া উল্লিখিত, পণ্য উৎপাদন বা সেবা প্রদানের লক্ষ্যে পরিচালিত কোনো প্রতিষ্ঠানের কেবল উক্ত অর্থনৈতিক অঞ্চলে পরিচালিত ব্যবসায়ের মাধ্যমে অর্জিত আয়ের উপর ব্যবসায়িক কার্যক্রম শুরুর তারিখ হইতে ১ম, ২য় ও ৩য় বৎসরের জন্য ১০০%, ৪র্থ বৎসরের জন্য ৮০%, ৫ম বৎসরের জন্য ৭০%, ৬ষ্ঠ বৎসরের জন্য ৬০%, ৭ম বৎসরের জন্য ৫০%, ৮ম বৎসরের জন্য ৪০%, ৯ম বৎসরের জন্য ৩০% এবং ১০ম বৎসরের জন্য ২০% হারে প্রদেয় আয়কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

শর্তাবলি:

(ক) প্রতিষ্ঠানটি কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন নিবন্ধিত নূতন কোম্পানি হইতে হইবে;

(খ) আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (৫) এবং (৬) সহ অন্যান্য বিধানাবলি পরিপালন করিতে হইবে;

(গ) প্রতিষ্ঠানটি বিদ্যমান ব্যবসার পুনর্গঠন, মার্জার, ডিমার্জার এর ফলশ্রুত কোম্পানি হইতে পারিবেনা;

(ঘ) প্রতিষ্ঠানটি জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত হইতে হইবে এবং সম্পূর্ণরূপে সরকার কর্তক স্থাপিত অর্থনৈতিক অঞ্চলে অবস্থিত হইতে হবে;

(ঙ) প্রতিষ্ঠানটি ব্যবসায়িক কার্যক্রম শুরু হইবার বৎসর হইতে দশম বৎসর পর্যন্ত এই হ্রাসকৃত করহারের সুবিধা প্রাপ্য হইবে;

(চ) বাংলাদেশে ইতঃপূর্বে পণ্য বা সেবা উৎপাদনে ব্যবহৃত হইয়াছে এইরূপ কোনো মেশিন, যন্ত্রপাতি, ইত্যাদি উক্ত অর্থনৈতিক অঞ্চলে কোনো শিল্প ইউনিট স্থাপনে ব্যবহার করা যাইবে না;

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(ছ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান উক্ত অর্থনৈতিক অঞ্চলের বাহিরে কোনো শিল্প ইউনিট পরিচালনা করিতে পারিবে না;

(জ) উক্ত অর্থনৈতিক অঞ্চলে প্রতিষ্ঠিত যেসকল প্রতিষ্ঠান ভোজ্য তেল, চিনি, আটা, ময়দাসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি উৎপাদন এবং সিমেন্ট, লোহা ও লৌহজাতীয় পণ্য উৎপাদন হইতে আয় প্রাপ্ত হয় সেসকল প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনের সুবিধা প্রাপ্য হইবে না;

(ঝ) এই প্রজ্ঞাপন অনুযায়ী অব্যাহতিপ্রাপ্ত কোনো শিল্প প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত কোনো শর্ত বা শর্তাবলি পরিপালনে ব্যর্থ হইলে জাতীয় রাজস্ব বোর্ড, তৎকর্তৃক প্রদত্ত অনুমোদন প্রত্যাহার করিতে পারিবে; এবং

(ঞ) কোনো আয়বর্ষে সরকারের কোনো কর্তৃপক্ষ কর্তৃক প্রতিষ্ঠানটির উপর পরিবেশ সংশ্লিষ্ট আইন ভঙ্গের দায়ে জরিমানা আরোপ করা হইলে, সংশ্লিষ্ট করবর্ষে উক্ত প্রতিষ্ঠানটি এই প্রজ্ঞাপনে প্রদত্ত কর অব্যাহতি পাইবে না।

ব্যাখ্যা: এই প্রজ্ঞাপনে "ব্যবসায়িক কার্যক্রম শুরু" বলিতে উক্ত অর্থনৈতিক অঞ্চলে প্রতিষ্ঠান যে তারিখে ব্যবসা হইতে আয় প্রাপ্ত হইবে বা অর্জন শুরু করিবে সেই তারিখকে বুঝাইবে।

২। (ক) এস, আর, ও নং ১০৪-আইন/আয়কর/২০২০, তারিখ: ২৫ মার্চ, ২০২০, অতঃপর রহিত এস, আর, ও বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইলো;

(খ) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত এস, আর, ও নং ১০৪-আইন/আয়কর/২০২০, তারিখ: ২৫ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ এর অধীন যেসকল প্রতিষ্ঠান বোর্ড কর্তৃক অনুমোদিত হইয়াছে, সেসকল প্রতিষ্ঠান তাহাদের কর অব্যাহতির পূর্ণ মেয়াদ এমনভাবে ভোগ করিবে যেন উহাদের এই প্রজ্ঞাপনের অধীন অনুমোদন প্রদান করা হইয়াছিল এবং তাহাদের জন্য এই প্রজ্ঞাপনের শর্তাবলি প্রযোজ্য হইবে।

৩। এই প্রজ্ঞাপন ০১ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ হইতে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com